# Times Today BD

জেলার খবর | 26 March, 2025

ফরিদপুরে সাবেক এমপি মুজিবুর রহমান নিক্সন চৌধুরীর বিশ্বস্ত সহচর ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি কাওসার আকন্দকে তার এক সহযোগীসহ গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত কাওসার বৈষম্যবিরোধী আন্দোলনে শিক্ষার্থীদের ওপর সশস্ত্র হামলা মামলার অন্যতম আসামি।

মঙ্গলবার (২৫ মার্চ) রাতে শহরের অনাথের মোড়ে একটি প্রাইভেট কার তল্লাশি চালিয়ে করে তাদের গ্রেপ্তার করা হয়।গ্রেপ্তারকৃত কাওসার শহরের পূর্ব খাবাসপুর মহল্লার হোটেল ব্যবসায়ী দুলাল আকন্দের ছেলে।

ফরিদপুর কোতোয়ালি থানার এসআই ফাহিম ফয়সাল গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

এসআই ফাহিম জানান, বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ৪ আগস্ট শহরের পূর্ব খাবাসপুর মোড়ের পাশে বড়ইতলায় ছাত্রলীগ-যুবলীগের হেলমেট ও হাতুড়ি বাহিনী নিরস্ত্র আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর সশস্ত্র হামলা চালিয়ে কমপক্ষে তিনজন শিক্ষার্থীকে আটকের পর তার বর্বরভাবে পিটিয়ে গুরুতর আহত করে।এতে আন্দোলনকারী বেশ কয়েকজন শিক্ষার্থী চিরতরে পঙ্গু হয়ে এখনো চিকিৎসাধীন।

এ মামলায় কাওসার আকন্দ অন্যতম আসামি। ঘটনার পর থেকে সে পলাতক ছিলো। এছাড়া পুরো ছাত্র-জনতার আন্দোলনে শহরের বিভিন্নস্থানে আন্দোলন ছত্রভঙ্গ করতে কাউসার তার দলবল ও অস্ত্রশত্র নিয়ে সশস্ত্র মহড়া চালায় এবং বিভিন্নস্থানে হামলা চালিয়ে গুরুতর আহত করে ও হুমকি ধামকি দেয় বলে অভিযোগ রয়েছে।

পুলিশ জানায়, গ্রেপ্তারকৃততের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

ছাত্রলীগ যুবলীগ বৈষম্যবিরোধী আন্দোলন ফরিদপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:27

URL: https://www.timestodaybd.com/countrywide/24775807